৫৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 JUL 1987
পৃষ্ঠা ... ৬ কলাম ৭ ...

তথ্য ও বেতার মন্ত্রণালয়
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

## মাদ্রাসা শিক্ষকদের অভিযোগ

১৯৮৫ সালের ৩০শে ডিসেম্বর তারিখে সরকার সিনিয়র মাদ্রাসাগুলিকে কলেজের সমপর্যায়ভুক্ত করেন। বাংলাদেশ মাদ্রাসা বোর্ডও মাদ্রাসাগুলিকে বাংলা, ইংরেজী, পৌরনীতি এবং অর্থনীতির প্রভাষক নিয়োগ করার জন্য নির্দেশ জারি করে। সে মোতাবেক মাদ্রাসাগুলি বাংলা, ইংরেজী, পৌরনীতি এবং অর্থনীতির প্রভাষক নিয়োগ করে। কিন্তু দুঃখের বিষয় এই যে, সরকার বাংলা এবং ইংরেজীর প্রভাষকদের জন্য নিয়মিত বেতন-ভাতা প্রদান করিলেও পৌরনীতি এবং অর্থনীতির প্রভাষকদের জন্য আজ পর্যন্ত কোন অর্থ বরাদ্দ করেন নাই। ফলে এই সমস্ত শিক্ষকের দুঃখ-কষ্টের মধ্যে দিন কাটিতেছে। একই আইনের অধীনে এবং একই তারিখে প্রভাষক নিয়োগ করা হইলেও বাংলা এবং ইংরেজীর প্রভাষকদের নিয়মিত বেতন-ভাতা দেওয়া হইতেছে, কিন্তু পৌরনীতি এবং অর্থনীতির প্রভাষকদের দেওয়া হইতেছে না। অতএব, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আমাদের আকুল আবেদন এই যে, অবিলম্বে এই সমস্যার সমাধান করিয়া সকলের জন্য নিয়মিত বেতন-ভাতার ব্যবস্থা গ্রহণ করা হউক।

—মোঃ ছিদ্দিকুর রহমান (প্রভাষক), গাজীর দরগা ফাজিল মাদ্রাসা, ঝিকরগাছা, যশোর।